



দ্বিতীয়বারের মতো পার্লামেন্ট স্পিকার গালিবাহ



পার্লামেন্ট স্পিকার গালিবাহ | ছবি: সংগৃহীত

ইরানের পার্লামেন্টের স্পিকার হিসেবে পুনরায় নির্বাচিত হয়েছেন মোহাম্মদ বাকের গালিবাহ। দেশটির আধা-সরকারি সংবাদমাধ্যম ফার্স নিউজ এজেন্সির তথ্যের বরাতে এ খবর জানিয়েছে আন্তর্জাতিক সংবাদমাধ্যম এএফপি।

নতুন মেয়াদে নির্বাচিত হওয়ার মধ্য দিয়ে ইরানের রাজনৈতিক অঙ্গনে গালিবাহের প্রভাব আরও জোরালো হয়েছে বলে মনে করছেন বিশ্লেষকরা। বিশেষ করে, যুক্তরাষ্ট্রের সঙ্গে চলমান কূটনৈতিক যোগাযোগ ও আঞ্চলিক ইস্যুগুলোতে তাকে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে দেখা যাচ্ছে।

এদিকে, ওয়াশিংটনের সঙ্গে আলোচনায় কিছুটা অগ্রগতির ইঙ্গিত দিয়েছেন ইরানের পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র ইসমাইল বাঘাই। তিনি বলেন, “সমঝোতার খুব কাছেও আছি, আবার কিছু বিষয়ে এখনও দূরত্ব রয়ে গেছে।”

তবে তার এই বক্তব্যকে খুব বেশি ইতিবাচক হিসেবে দেখাছেন না পর্যবেক্ষকরা। কারণ, সাবেক মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প সতর্ক করে বলেছেন, চলতি সপ্তাহের মধ্যে কোনো সমঝোতা না হলে ইরানের বিরুদ্ধে আবারও সামরিক পদক্ষেপ নেওয়া হতে পারে।

মার্কিন সংবাদমাধ্যমগুলোর প্রতিবেদনে বলা হয়েছে, আলোচনায় থাকা সম্ভাব্য সমঝোতাটি এখনো চূড়ান্ত পর্যায়ে পৌঁছায়নি। বেশ কয়েকটি গুরুত্বপূর্ণ বিষয় ভবিষ্যৎ আলোচনার জন্য খোলা রাখা হয়েছে। এর মধ্যে রয়েছে ইরানের ওপর আরোপিত নিষেধাজ্ঞা প্রত্যাহার, জন্ম হওয়া ইরানি অর্থ ছাড় এবং তেহরানের পারমাণবিক কর্মসূচি নিয়ে শর্তাবলি।

অন্যদিকে, যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে আলোচনা এখনও অব্যাহত রয়েছে বলে জানিয়েছেন মার্কিন পররাষ্ট্রমন্ত্রী মার্কে রুবিও। ভারত সফরের সময় নয়াদিল্লিতে সাংবাদিকদের সঙ্গে কথা বলতে গিয়ে তিনি বলেন, “সোমবারের মধ্যে কিছু অগ্রগতির সম্ভাবনা ছিল বলে ধারণা করা হচ্ছিল। তবে স্থায়ী সমাধানে পৌঁছাতে আরও সময় লাগবে।”